

গুচ্ছ থেকে বেরিয়ে নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি পরীক্ষা নেবে বশেমুরবিপ্রবি

অনলাইন ডেস্ক

২০ জানুয়ারি,
২০২৫ ২০:৫০

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

গুচ্ছ ভর্তি পরীক্ষা থেকে বের হয়ে নিজস্ব প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তি নেবে গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তির জন্য দ্রুততম সময়ের মধ্যে বিজ্ঞপ্তি দিয়ে আবেদন নেওয়া শুরু হবে। আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের এক জরুরি সভায় এই সিদ্ধান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হোসেন উদ্দিন শেখর বলেন, ‘গুচ্ছে না থাকার বিষয়ে আমরা চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছি। ফ্যাসিস্ট আমলে উদ্ভাবিত ত্রুটিপূর্ণ গুচ্ছ পরীক্ষা পদ্ধতি শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক বৈষম্যের সৃষ্টি করে চলছে। ফলে আমরা এই সংস্কারের সিদ্ধান্ত নিয়েছি। তা ছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী সবাই গুচ্ছ থেকে বের হয়ে নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি জানিয়ে আসছিলেন।

,

তিনি বলেন, ‘গুচ্ছ ভর্তি প্রক্রিয়ায় যুক্ত হওয়ার পর মানসম্মত শিক্ষার্থীর সংকট, সবশেষ বছরের ভর্তি পরীক্ষার কার্যক্রম এখনো শেষ না হওয়ার ফলে একাডেমিক ক্যালেন্ডার অনুসরণ করা যায় না। এতে সেশন জটের সৃষ্টি হয়।’ গুচ্ছে গোপালগঞ্জের বাইরের শিক্ষার্থী না পাওয়া, পর্যাপ্ত টেকনিক্যাল ও সফটওয়্যার সাপোর্টের সীমাবদ্ধতাসহ নানা সমস্যার কথা তিনি তুলে ধরেন।

প্রসঙ্গত, গত ১১ ডিসেম্বর ও ১৫ জানুয়ারি অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের জরুরি সভায় সর্বসম্মতিক্রমে গুচ্ছ ভর্তি প্রক্রিয়া থেকে বের হয়ে স্বতন্ত্রভাবে শিক্ষার্থী ভর্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।